৪। **কমিশন গঠন।**—(১) চেয়ারম্যান ও দুইজন সদস্য সমন্বয়ে কমিশন গঠিত হইবে, যাহাদের মধ্যে একজন সুপ্রীম কোর্টে কর্মরত বা অবসরপ্রাপ্ত বিচারক হইবে।

(২) চেয়ারম্যান কমিশনের প্রধান নির্বাহী হইবেন।

৫। **চেয়ারম্যান ও সদস্যগণের নিয়োগ, মেয়াদ, পদত্যাগ, ইত্যাদি।**—(১) রাষ্ট্রপতি, বাছাই কমিটির সুপারিশক্রমে, কমিশনের চেয়ারম্যান ও সদস্যগণকে নিয়োগ করিবেন ঃ

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তি কমিশনের চেয়ারম্যান বা সদস্য পদে নিয়োগলাভের বা অধিষ্ঠিত থাকিবার যোগ্য হইবেন না যদি তিনি ৫০ (পঞ্চাশ) বৎসর অপেক্ষা কম এবং ৭২ (বাহাত্তর) বৎসর অপেক্ষা অধিক বয়স্ক হন।

(২) আইন বা বিচারকার্য, মানবাধিকার, সমাজসেবা বা মানবকল্যাণে উল্লেখযোগ্য অবদান রাখিয়াছেন এমন ব্যক্তিদের মধ্য হইতে চেয়ারম্যান ও সদস্যগণ, এই ধারার বিধান সাপেক্ষে, নিযুক্ত হইবেন।

(৩) কমিশনের চেয়ারম্যান এবং সদস্যগণ কার্যভার গ্রহণের তারিখ হইতে তিন বৎসর মেয়াদে স্বীয় পদে অধিষ্ঠিত থাকিবেন ঃ

তবে শর্ত থাকে যে, একই ব্যক্তি চেয়ারম্যান বা সদস্য হিসাবে দুই মেয়াদের অধিক নিয়োগ লাভ করিবেন না।

(৪) উপ-ধারা (৩) এর অধীন নির্ধারিত মেয়াদ শেষ হইবার পূর্বে চেয়ারম্যান বা কোন সদস্য রাষ্ট্রপতির উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।

(৫) চেয়ারম্যানের পদ শূন্য হইলে কিংবা অনুপস্থিতি, অসুস্থতা বা অন্য কোন কারণে চেয়ারম্যান তাহার দায়িত্ব পালনে অসমর্থ হইলে, নবনিযুক্ত চেয়ারম্যান তাহার পদে যোগদান না করা পর্যন্ত কিংবা চেয়ারম্যান পুনরায় স্বীয় দায়িত্ব পালনে সমর্থ না হওয়া পর্যন্ত রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত কোন সদস্য চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করিবেন।

৬। **বাছাই কমিটি।**—(১) চেয়ারম্যান ও সদস্যগণ নিয়োগের জন্য সুপারিশ প্রদানের উদ্দেশ্যে নিম্নবর্ণিত ছয় জন সদস্য সমন্বয়ে একটি বাছাই কমিটি গঠিত হইবে, যথা ঃ—

(ক) প্রধান বিচারপতি কর্তৃক মনোনীত সুপ্রীম কোর্টের আপীল বিভাগের একজন বিচারক;

(খ) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ;

(গ) বাংলাদেশের অ্যাটর্নি জেনারেল;

(ঘ) বাংলাদেশের মহাহিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক;

(ঙ) সরকারী কর্মকমিশনের চেয়ারম্যান; এবং

(চ) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।